তারিখ 17 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

আমাদের সময়

# পাথরঘাটায় আজ ছাত্রলীগের সকাল-সন্ধ্যা হরতাল

পাথরঘাটা প্রতিনিধি ●

বরগুনার পাথরঘাটা সদর উপজেলায় আসন্ন ইউপি নির্বাচনে নৌকা প্রতীকের প্রার্থী বাছাইয়ের ভোটে আওয়ামী লীগ ও ছাত্রলীগ নেতাদের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। মাত্র ১ ভোটের ব্যবধানে আওয়ামী লীগ মনোনীত নেতা হাফিজ আহমেদ ফিরোজ ৩৯ ভোটে বিজয়ী হয়েছেন। আর উপজেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর রহমান জুয়েল ১ ভোট কম পেয়ে হেরে গিয়ে ভোট কারচুপির অভিযোগ করেছেন।

গতকাল মঙ্গলবার বিকালে পাথরঘাটায় আসন্ন ইউপি নির্বাচনের প্রার্থী বাছাইয়ের জন্য আওয়ামী লীগের কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের ভোট গণনায় দুই প্রার্থীরই দুটি ভোট নষ্ট হলে তারা সমানসংখ্যক ভোট পেয়ে ড্র করেন। এরপর দ্বিতীয়বার ভোট গণনা করা হলেও আওয়ামী লীগ প্রার্থী হাফিজ আহমদ ফিরোজের নষ্ট হওয়া একটি ভোট বৈধ ঘোষণা করা হয়। এতে তিনি ১ ভোট বেশি পেয়ে বিজয়ী হন। পরে পরাজিত প্রার্থী ছাত্রলীগের উপজেলা সভাপতি আব্দুর রহমান জুয়েল ভোট কারচুপির অভিযোগ এনে পাথরঘাটা গোলচত্বর এলাকায় তার লোকজন নিয়ে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেন। এ সময় তিনি আজ বুধবার পাথরকাটা উপজেলায় সকাল-সন্ধ্যা হরতালের ঘোষণা দেন।